তারিখ ... 18 NOV 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

দৈনিক সংবাদ

26

ছাত্রঐক্যের আহ্বান

# গণপ্রতিরোধ গড়ে তুলতে হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল শনিবার গণদুশমন প্রতিরোধ দিবস উপলক্ষে সর্বদলীয় ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয়, মৌচাক মোড় ও জাতীয় প্রেসক্লাবের সামনে পৃথক পৃথক সমাবেশ করে।

এসব সমাবেশে সর্বদলীয় ছাত্রঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

সমাবেশে নেতৃবৃন্দ স্বৈরাচারী সরকার পতনের লক্ষ্যে সারাদেশে দালাল, দুর্নীতিবাজ, এমপি, মন্ত্রী ও জাতীয় পার্টির সশস্ত্র কর্মীদের বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তোলার জন্যে ছাত্র-জনতার প্রতি আহ্বান জানান।

([illegible])

## ছাত্রঐক্যের আহ্বান

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে ডাকসু ভিপি আমানউল্লাহ আমান, ছাত্রলীগের (হো-অ) হাবিবুর রহমান হাবিব, ছাত্র ইউনিয়নের মোস্তাফিজুর রহমান বাবুল, ছাত্রলীগের (না-শ) সফি আহমেদ ও জাতীয় ছাত্রলীগের এস এম কামাল হোসেন বক্তব্য রাখেন।

দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে হাবিবুর রহমান হাবিব, মোস্তাফিজুর রহমান বাবুল, জাহাঙ্গীর সাত্তার টিংকু, নাজমূলক হক প্রধান ও নূর আহমেদ বকুল বক্তব্য রাখেন।